

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/ ২৯ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১৮৯-আইন/২০২৪/৪১/কাস্টমস।— সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, বাংলাদেশ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এর অধীন প্রতিষ্ঠিত হাই-টেক পার্কে, শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত যানবাহনের উপর আরোপণীয় উক্ত আইনের প্রথম তফসিলে উল্লিখিত সমুদয় কাস্টমস শুল্ক (Customs Duty) হইতে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা:-

শর্তাবলি

- (১) শিল্প প্রতিষ্ঠানকে কমপক্ষে ৫ মিলিয়ন ইউএস ডলার বা সমপরিমাণ অর্থ বিনিয়োগ করিতে হইবে অথবা সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানে কমপক্ষে ১৫০ জনবল কর্মরত থাকিতে হইবে;
- (২) আমদানিকৃত যানবাহনের শুল্ক নিরূপন ও খালাসের সময় হাই-টেক পার্ক কর্তৃপক্ষের অনুমোদন ও তৎসংক্রান্ত প্রত্যয়নপত্র শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে;
- (৩) অনূর্ধ্ব ২০০০ সিসি ইঞ্জিন ক্ষমতার একটি সেডান কার এবং একটি মাইক্রোবাস/ পিকআপ ভ্যান/ডাবল কেবিন পিকআপ/মিনিবাস আমদানি করা যাইবে;
- (৪) আমদানিকৃত যানবাহন ৫ (পাঁচ) বৎসরের মধ্যে হস্তান্তর বা বিক্রয় করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, ৫ (পাঁচ) বছরের মধ্যে বিক্রয় বা হস্তান্তরের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের ২৫ জুলাই, ২০০০ তারিখের স্থায়ী আদেশ (শুল্ক) No. 100/2000/shulka এর বিধান প্রযোজ্য হইবে;

- (৫) হাই-টেক পার্কে অবস্থিত কোন শিল্প প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনের আওতায় কেবলমাত্র একবার যানবাহন আমদানি করিতে পারিবে;
- (৬) এই প্রজ্ঞাপনের আওতাধীন আমদানিকৃত যানবাহনের নম্বর প্লেটের ক্রমিক নম্বরের পূর্বে “হাই-টেক পার্ক” শব্দটি লিখিতে হইবে;

- (৭) এই প্রজ্ঞাপনের আওতাধীন আমদানিকৃত যানবাহন আমদানিকারক শিল্প প্রতিষ্ঠানের উৎপাদন ও সংশ্লিষ্ট কাজ ব্যতিরেকে অন্য কোন কাজে বা কোন বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার করা যাইবে না।
- ২। ১ জুলাই, ২০১৫ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ২১৩-আইন/২০১৫/৫০/কাস্টমস এতদ্বারা রহিত করা হইল।
- ৩। এই প্রজ্ঞাপন ৬ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।